

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)

স্মারক নং-৩৩.০১.০০০০.১১১.০৫.৯৭০.২৩-

২২২৬

তারিখ- ১৬/০৪/২০২৪ইং।

প্রাপক: টি,আর কে গ্লোবাল এন্টারপ্রাইজ  
৪৭৯, দক্ষিণ মনিপুর, মিরপুর, ঢাকা।

সংরক্ষণাগারঃ ২১৯, পশ্চিম মনিপুর, মিরপুর, ঢাকা।

বিষয়ঃ- পশুখাদ্য (ক্যাট ফুড/ডগ ফুড) আমদানির অনাপত্তি সনদ (NOC) প্রদান।

উপর্যুক্ত বিষয়ে আপনার ২৯/০২/২০২৪ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে পশুপুষ্টি উপকরণ ও ভেটেরিনারি ঔষধ সামগ্রী আমদানি অনাপত্তি সনদ (NOC) প্রদান কমিটির ০৫/০৩/২০২৪ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত পণ্য পত্রে উল্লিখিত শর্তসাপেক্ষে China থেকে আমদানির জন্য অনাপত্তি সনদ প্রদান করা হল।

## আমদানিযোগ্য পণ্যঃ

SL No.	Description of Products	PI No.	Date	Country Origin	Pack Size	Quantity
1.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- CHICKEN & TUNA	23/PCC12260	26.01.2024	CHINA	22 KG	1540 KG
2.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- TUNA				22 KG	880 KG
3.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- CHICKEN				8 KG	1600 KG
4.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- CHICKEN & TUNA				8 KG	1632 KG
5.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- TUNA				8 KG	1200 KG
6.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- SEAFOOS				350 GM	315 KG
7.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- CHICKEN & TUNA				350 GM	1470 KG
8.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- TUNA				350 GM	840 KG
9.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- TUNA & SHRIMP				350 GM	210 KG
10.	CUTIES CATZ DRY ADULT CAT FOOD- SALMON				350 GM	315 KG

## শর্তাবলীঃ-

- আমদানিতব্য পণ্য অবশ্যই পোল্ডিখাদ্য/পশুখাদ্য হিসেবে ব্যবহার করতে হবে।
- কমিটির সদস্য (গন) ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সময় সময় ওয়ার হাউজ, ব্যবসা প্রতিষ্ঠান ও বাজার পরিদর্শনে এবং বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।
- আমদানিতব্য পণ্য রিপ্যাকিং করা যাবে না এবং পোল্ডিখাদ্য/পশু খাদ্য ব্যতীত অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না।
- এই ছাড়পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ১ (এক) বৎসর পর্যন্ত বলবত থাকবে। পণ্য আমদানী ও খালাস উক্ত ১ বৎসরের মধ্যে করতে হবে।
- সরকারের বিদ্যমান আইনের ব্যত্যয় ঘটলে অনাপত্তি সনদ NOC বাতিল বলে গন্য হবে এবং আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণকরা হবে।
- পশুখাদ্য বিধিমালা-২০১৩ এর অনুচ্ছেদ ৮(৮) এবং আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর আদেশ নং ২৪ এ উল্লিখিত বিষয়াদি অনুসরণ করতে হবে।
- সকল চালান জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা চট্টগ্রাম/ যশোর/তার প্রতিনিধির উপস্থিতিতে নমুনা সংগ্রহ পূর্বক কোয়ালিটি কন্ট্রোল ল্যাবঃ, সাভার, ঢাকা/ পিআরটিসি, চট্টগ্রাম/ সরকার অনুমোদিত ল্যাবে নাইট্রোফোরন ও ক্লোরামফ্যানিকল এন্টিবায়োটিকের উপস্থিতি পরীক্ষা করতে হবে।
- পণ্য খালাসের পূর্বে হেলথ সার্টিফিকেট, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য কাগজপত্র প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক যাচাই করে নিতে হবে।
- ক্যাট /ডগ ফুডে পুষ্টিমান জানার জন্য আদ্রতা (Moisture %) ও ক্রুড প্রোটিন (Crude protein %) এর শতকরা হার নির্ণয়ে কোয়ালিটি কন্ট্রোল ল্যাবঃ, সাভার, ঢাকা/পিআরটিসি, চট্টগ্রাম/ সরকার অনুমোদিত ল্যাবেরটরীতে পরীক্ষা পূর্বক তার সনদ পত্র অত্র দপ্তরে দাখিল করতে হবে। নমুনা সংগ্রহের সময় ডিএলও/ইউএলও উপস্থিত থাকবেন। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার আমদানিকারক/ স্বত্বাধিকারী বহন করবে। যদি পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হয় তবে রপ্তানিকারক নিজ ব্যয়ে সংশ্লিষ্ট চালান ফেরত নিতে বাধ্য থাকবে।

(ড. শেখ শাহিনুর ইসলাম)

উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য

পক্ষে, মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

ফোন-০২-৫৮১৫৭২১১

e-mail: ddhealthdls@gmail.com

health@dls.gov.bd

## অনুলিপি :

- কমিশনার অফ কাস্টমস হাউস, চট্টগ্রাম/ বেনাপোল / মংলা/ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ আইসিডি, কমলাপুর, ঢাকা, বাংলাদেশ।
- অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, চট্টগ্রাম/বেনাপোল/ মংলা/ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ আইসিডি, কমলাপুর, ঢাকা, বাংলাদেশ।